গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়
**ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্ট (ডিএফডি)**
১ম ১২ তলা সরকারি অফিস ভবন (৪র্থ তলা)
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.cgdf.gov.bd

নং- সিজিডিএফ/প্রশা/০১২-এপেক্স-ক-২৪শ/৭৪৭

তারিখ ঃ ২৮-০৬-১৪২৮ বঃ
১৩-১০-২০২১ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের স্মারক নম্বর-২৩.০০.০০০০.০২০.১১.০৪৬.২০-২০৭, তারিখঃ ১৫/০৭/২০২১ খ্রিঃ এর মাধ্যমে শূন্য পদ পূরণের ছাড়পত্র প্রাপ্তির পরিপ্রেক্ষিতে ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্ট (ডিএফডি) এর রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত স্থায়ী পদসমূহে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত পদসমূহের পাশে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা এবং নিম্নবর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে নির্ধারিত ছকে অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ০১. | ড্রাইভার<br>(গ্রেড-১৬)<br>টাকা ৯৩০০-২২৪৯০/- | ০৪<br>(চার) | ৮ম শ্রেণি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং বৈধ ড্রাইভিং লাইসেন্সপ্রাপ্ত। | ঢাকা, চট্টগ্রাম, ময়মনসিংহ ও কুমিল্লা। | **সকল জেলার এতিম প্রার্থী আবেদন করতে পারবেন।** |
| ০২. | অফিস সহায়ক<br>(গ্রেড-২০)<br>টাকা ৮২৫০-২০০১০/- | ১৪<br>(চৌদ্দ) | ৮ম শ্রেণি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঢাকা, গাজীপুর, ফরিদপুর, শরীয়তপুর, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, জামালপুর, চট্টগ্রাম, কক্সবাজার, কুমিল্লা, খাগড়াছড়ি, নোয়াখালী, রাঙ্গামাটি, পাবনা, বগুড়া, নীলফামারী, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মেহেরপুর, সিলেট, মৌলভীবাজার ও হবিগঞ্জ। | **সকল জেলার এতিম/শারীরিক প্রতিবন্ধী প্রার্থী আবেদন করতে পারবেন।** |
| ০৩. | নিরাপত্তা প্রহরী<br>(গ্রেড-২০)<br>টাকা ৮২৫০-২০০১০/- | ০৮<br>(আট) | ৮ম শ্রেণি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঢাকা, নারায়নগঞ্জ, টাঙ্গাইল, জামালপুর, নেত্রকোনা, কক্সবাজার, ব্রাহ্মণবাড়ীয়া, পাবনা, নওগাঁ, বগুড়া, রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, খুলনা, যশোর, সিলেট ও সুনামগঞ্জ। | |
| ০৪. | পরিচ্ছন্ন কর্মী<br>(গ্রেড-২০)<br>টাকা ৮২৫০-২০০১০/- | ০৩<br>(তিন) | সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | টাঙ্গাইল ও কুমিল্লা। | |

**নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:**

১। আবেদন শুরুর (০৭/১১/২০২১ খ্রিঃ) তারিখে ন্যূনতম ১৮ বছর এবং **জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং- ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৩, তারিখঃ ১৯/০৮/২০২১ খ্রিঃ মোতাবেক ২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা:**

- **(i)** সকল প্রার্থীর (বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী ব্যতীত) ক্ষেত্রে ৩০ বছর।
- **(ii)** বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৩২ বছর।
- **(iii)** বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যার পুত্র/কন্যাদের ক্ষেত্রে ৩০ বছর।
- **(iv)** বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। সরাসরি নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান কোটা পদ্ধতি সংশোধন সম্পর্কিত জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ০৪/১০/২০১৮ খ্রিঃ তারিখের পরিপত্র নং ০৫.০০.০০০০.১৭০.১১.০৭.১৮.২৭৬ এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

৩। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে আবেদন করতে হবে। অনুমতির কপি মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

৪। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৫। চাকরিতে নিয়োগপ্রাপ্তদের বাংলাদেশের যে কোনো জায়গায় অবস্থিত ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্টের নিয়ন্ত্রণাধীন যে কোনো কার্যালয়ে পদায়ন করা হবে।

৬। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

৭। নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৮। **আবেদনপত্র পূরণের শর্তাবলি:**

**(ক)** এই বিজ্ঞপ্তির অধীনে পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://cgdf.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

**(i)** Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান আরম্ভের তারিখ ও সময়ঃ ০৭/১১/২০২১ সকাল ১০:০০ ঘটিকা।

**(ii)** Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২২/১১/২০২১ বিকাল ০৫:০০ ঘটিকা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

**(খ) ছবি (Photo) আপলোড:**

Online-এ আবেদনপত্রের নির্ধারিত স্থানে প্রার্থীকে (দৈর্ঘ্য × প্রস্থ) 300× 300 pixel এর কম বা বেশি নয় (File Size 100KB এর বেশি গ্রহণযোগ্য নয়) এবং অনধিক তিন মাস পূর্বে তোলা রঙিন ছবি আপলোড করতে হবে। উল্লেখ্য, সাদাকালো ছবি গ্রহণযোগ্য হবে না। Applicant's

Copy-তে ছবি মুদ্রিত না হলে আবেদনপত্র বাতিল হবে। সানগ্লাস পরে তোলা ছবি গ্রহণযোগ্য হবে না। Home Page-এর Help Menu-তে ক্লিক করলে Photo এবং Signature সম্পর্কে বিস্তারিত নির্দেশনা পাওয়া যাবে।

**(গ) স্বাক্ষর (Signature) আপলোড:**

Online-এ আবেদনপত্রের নির্ধারিত স্থানে প্রার্থীকে (দৈর্ঘ্য × প্রস্থ) 300× 80 pixel এর কম বা বেশি নয় (File Size 60KB এর বেশি গ্রহণযোগ্য নয়) এরূপ মাপের স্বাক্ষর আপলোড করতে হবে। Applicant's Copy-তে স্বাক্ষর মুদ্রিত না হলে আবেদনপত্র বাতিল হবে।

(ঘ) যেহেতু Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা (সংশ্লিষ্ট সনদ মোতাবেক) সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

(ঙ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(চ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান ঃ** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit কারী প্রার্থী User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে **বর্ণিত ক্রমিক ০১ নং পদের (ড্রাইভার) জন্য ১১২/- টাকা (একশত বার) [পরীক্ষার ফি ১০০/- টাকা এবং টেলিটক এর সার্ভিস চার্জ ১২/-টাকা] এবং ক্রমিক ০২, ০৩ ও ০৪ নং পদের জন্য ৫৬/- টাকা (ছাপান্ন) [পরীক্ষার ফি ৫০/- টাকা এবং টেলিটক এর সার্ভিস চার্জ ০৬/-টাকা] অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।**

**এখানে বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না"।**

**প্রথম SMS:** CGDF<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**Example: CGDF ABCDEF**

**Reply**: Applicant's Name, Tk. XXX will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type CGDF<space>Yes<space>PIN and Send to 16222

**দ্বিতীয় SMS:** CGDF<space>Yes<space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**Example: CGDF Yes 12345678**

**Reply:** Congratulations Applicant's Name, payment completed for CGDF Application for post xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি SMS এ Password পাবেন। এই Password টি Admit Card (প্রবেশপত্র) Download এর জন্য প্রার্থী সংরক্ষণ করবেন।

**(ছ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি <u>http://cgdf.teletalk.com.bd</u> ওয়েবসাইটে অথবা ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্টের <u>www.cgdf.gov.bd</u> ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।**

**(জ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করার মাধ্যমে সংগ্রহ করতে পারবেন। প্রার্থীকে এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়েও অবশ্যই প্রদর্শন করতে হবে। Admit Card (প্রবেশপত্র) Download এর তারিখ পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে।**

(ঝ) শুধু টেলিটক প্রি-প্রেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

**(i)** User ID জানা থাকলে CGDF<space>Help<space>User<space>User ID & Send to 16222.

**Example: CGDF Help User ABCDEF & Send to 16222**

**(ii)** PIN Number জানা থাকলে: CGDF<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.

**Example: CGDF Help PIN 12345678 & Send to 16222.**

৯। <u>প্রার্থীর যোগ্যতা যাচাই:</u>

(ক) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র দাখিল করা হলে যে কোন পর্যায়ে যে কোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

**(খ) মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং ন্যূনপক্ষে ৯ম গ্রেডভুক্ত গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রতিটির ০১ টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে:**

**(i)** প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র;

**(ii)** প্রার্থী যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র;

**(iii)** শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত সনদপত্রের কপি;

**(iv)** ন্যূনপক্ষে ৯ম গ্রেডভুক্ত গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

**(v)** জাতীয় পরিচয়পত্র /জন্ম সনদের অনুলিপি;

**(vi)** Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy) এবং প্রবেশপত্রের কপি;

**(vii)** সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র;

**(viii)** বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যার ক্ষেত্রে বয়স অনুর্ধ্ব ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। কোন প্রার্থী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং পুত্র/কন্যাদের পুত্র/কন্যা হিসেবে আবেদনপত্রে উল্লেখ করলে মুক্তিযোদ্ধা পরিচয়ের প্রমাণক হিসেবে প্রার্থীকে নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদিসহ দাখিল করতে হবে;

**(viii)** ক. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের জারীকৃত ১৮.১০.২০২০ খ্রিঃ তারিখের ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ নং পরিপত্রে বর্ণিত প্রমাণক/ গেজেটসমূহের যেকোন একটিতে আবেদনকারী প্রার্থী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান তাঁর নাম

থাকতে হবে। উক্ত নামের সাথে দাখিলকৃত কাগজপত্রে উল্লিখিত বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম এবং ঠিকানা এক ও অভিন্ন হতে হবে।

**(viii)** খ. আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান তা যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানার সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক ইস্যুকৃত প্রার্থীর পিতা/মাতার নাম এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান নাম উল্লেখসহ বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সাথে তার সম্পর্কের সুস্পষ্ট প্রত্যয়ন থাকতে হবে।

**(ix)** সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী সংক্রান্ত সনদ প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে;

**(x)** পরিচ্ছন্ন কর্মীর ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্র।

(গ) যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোনো সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১০। ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্ট এর নিয়োগ বিজ্ঞপ্তি, Online-এ আবেদনপত্র পূরণের নিয়মাবলী, SMS এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.cgdf.gov.bd ও http://cgdf.teletalk.com.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

১১। Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা যে কোন অপারেটর থেকে ০১৫০০১২১১২১ নম্বরে কল করা যাবে। এছাড়া, vas.query@teletalk.com.bd ই-মেইল এ যোগাযোগ করা যাবে।

১২। নিয়োগ পরীক্ষার উত্তরপত্র, নম্বরপত্র বা মূল্যায়ণ সংশ্লিষ্ট সকল কাগজপত্র গোপনীয় দলিল হিসেবে বিবেচিত হবে। এ সকল কাগজপত্র কোন প্রার্থী বা প্রার্থীর প্রতিনিধিকে প্রদর্শন বা প্রদান করা হবে না।

১৩। কোন পদে লিখিত পরীক্ষা গ্রহণ করা হলে পরীক্ষার পাশ নম্বর ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্ট কর্তৃক নির্ধারিত হবে-যা চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

১৪। কোন পদে লিখিত পরীক্ষা গ্রহণ করা হলে প্রতিবন্ধী প্রার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাদের আবেদনের ভিত্তিতে ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্ট হতে শ্রুতিলেখক প্রদান করা হবে। যে সকল প্রতিবন্ধী প্রার্থীর শ্রুতিলেখক প্রয়োজন হবে তাদেরকে ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্ট কর্তৃক নির্দেশিত সময়ের মধ্যে বিভাগীয় নির্বাচন কমিটির সভাপতির বরাবর শ্রুতিলেখকের প্রয়োজনীয়তা সম্পর্কে ডাক্তারি প্রত্যয়নপত্র, ছবি এবং প্রতিবন্ধী পরিচয়পত্রের কপিসহ শ্রুতিলেখক প্রাপ্তির দরখাস্ত দাখিল করতে হবে।

১৫। যে কোনো রকম তদবির বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে।

**[শেষ তারিখের জন্য অপেক্ষা না করে পর্যাপ্ত সময় নিয়ে সতর্কতার সাথে নিজে অনলাইনে যথাযথভাবে আবেদনপত্র পূরণ করুন এবং নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ফি সহ জমাদান প্রক্রিয়া সম্পন্ন করুন]**

**[যথাযথ জ্ঞানার্জনের মাধ্যমে ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্টের পরীক্ষায় অংশগ্রহণ করুন এবং নিয়োগপ্রাপ্ত হয়ে দেশ সেবার পবিত্র সুযোগ লাভ করুন]**

২৩/০৮/২০২২

**(মুহাম্মদ খাদেমুল বাশার)**
জয়েন্ট কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি